



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৪১৭

তারিখ: ১৩/১২/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

ভূমিকম্প পরবর্তী অবস্থা পর্যবেক্ষণ করলেন তদন্ত কমিটি

গত ০২/১২/২০২৩ তারিখ আনুমানিক ৯.৩৬ ঘটিকায় ভূমিকম্পের ফলে ভূমিকম্প পরবর্তী অবস্থা পর্যবেক্ষণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও অন্যান্য প্রকৌশলীদের সাথে নিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কাজী নজরুল ইসলাম হল এবং নওয়াব ফয়জুল্লাহা চৌধুরানী হল পরিদর্শন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এফ এম আবদুল মগ্নন।

মাননীয় উপাচার্য শিক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তার কথা বিবেচনায় নিয়ে বিশ্ববিদ্যালয় ও বহিঃস্থ অভিজ্ঞ প্রকৌশলীদের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করে ভবনগুলোর অধিকতর যাচাই করা হবে মর্মে শিক্ষার্থীদের আশ্বস্ত করেছিলেন।

তারই প্রেক্ষিতে মাননীয় উপাচার্য কুমিল্লার জেলা প্রশাসকসহ সরকারি প্রশাসনের সাথে যোগাযোগ করে ভবনগুলো অধিকতর যাচাই করার জন্য বিশেষজ্ঞ প্রকৌশলী দ্বারা চার সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন। গঠিত তদন্ত কমিটি আজ বুধবার (১৩/১২/২৩) বিকাল ৩.০০ ঘটিকায় ভবনগুলো পরিদর্শন করেন এবং দ্রুত মতামত পেশ করবেন বলে জানিয়েছেন।

তদন্ত কমিটির আহ্বায়ক নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা এবং সদস্য তিনজন হলেন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা অধিদপ্তর, কুমিল্লা এবং নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি